

## 💵 ফাতাওয়া আরকানুল ইসলাম

বিভাগ/অধ্যায়ঃ ঈমান

রচয়িতা/সঙ্কলকঃ শাইখ মুহাম্মাদ বিন সালিহ আল-উসাইমীন (রহঃ)

প্রশ্ন: (৯৪) কাউকে বন্ধু বা শত্রু হিসেবে গ্রহণ করার মূলনীতি কী?

উত্তর: আল্লাহ তা'আলা যে সমস্ত ব্যক্তি বা বিষয় হতে নিজেকে সম্পর্ক মুক্ত ঘোষণা করেছেন, প্রত্যেক মুসলিমের উচিৎ তা থেকে নিজেকে মুক্ত ঘোষণা করা। আল্লাহ বলেন,

﴿ قَدا كَانَت الكُم اللَّهِ كَفَرانَا بِكُم وَ إِبالَهِيمَ وَٱلَّذِينَ مَعَهُ آ إِذا قَالُواْ لِقَوامِهِم ا إِنَّا بُرَءَّوَّا مِنكُم ا وَمِمَّا وَمِمَّا وَمَمَّا وَبَدا بَيانَنَا وَبَيانَكُمُ ٱللَّعَدُوةُ وَٱللَّبَغ صَاآءُ أَبَدًا ﴾ [الممتحنة: ٤]

"তোমাদের জন্যে ইবরাহীম ও তার সংঙ্গীগণের মধ্যে চমৎকার আদর্শ রয়েছে। তারা তাদের সম্প্রদায়কে বলেছিল, তোমাদের সাথে এবং তোমরা আল্লাহ ব্যাতীত যার ইবাদাত কর, তার সাথে আমাদের কোনো সম্পর্ক নেই। আমরা তোমাদেরকে মানি না। তোমরা এক আল্লাহর প্রতি বিশ্বাস স্থাপন না করলে তোমাদের আমাদের মধ্যে চিরশক্রতা থাকবে।" [সুরা আল-মুমতাহানাহ, আয়াত: 8] আর এটা হবে মুশরিকদের সাথে। আল্লাহ বলেন,

﴿ وَأَذُن ۚ مِنَ ٱللَّهِ وَرَسُولِهِ ۚ إِلَى ٱلنَّاسِ يَو ٤ مَ ٱلدَّحَجِّ ٱلمَّأَك ٓ بَرِيٓ ۗ مَن ٱلدَّمُ شُورِكِينَ وَرَسُولُهُ ۗ ٢٠﴾ ﴿ وَأَذُن ٤ مِّنَ ٱللَّهَ بَرِيٓ ۗ عَن ٱلدَّمُ شَارِكِينَ وَرَسُولُهُ ۗ ٢٠﴾ [التوبة: ٣]

"আর মহান হজের দিনে আল্লাহ ও তাঁর রাসূলের পক্ষ থেকে লোকদের প্রতি ঘোষণা দেওয়া হচ্ছে যে, আল্লাহ মুশরিকদের থেকে দায়িত্ব মুক্ত এবং তাঁর রাসূলও।" [সূরা আত-তাওবাহ, আয়াত: ৩]

সুতরাং প্রতিটি মুমিনের ওপর আবশ্যক হলো কাফির-মুশরিকদের সাথে সকল প্রকার সম্পর্ক ছিন্ন করা। এমনিভাবে আল্লাহ ও আল্লাহর রাসূলের অপছন্দনীয় সকল কাজ থেকে বিরত থাকা প্রতিটি মুসলিমের ওপর ওয়াজিব। যদিও তা কুফুরীর পর্যায়ে না যায়। যেমন, পাপাচারিতায় লিপ্ত হওয়া। আল্লাহ বলেন,

﴿ وَلَٰكِنَّ ٱللَّهَ حَبَّبَ إِلَياكُمُ ٱلنَّإِيمِٰنَ وَزَيَّنَهُ اَ فِي قُلُوبِكُم اَ وَكَرَّهَ إِلَياكُمُ ٱلنَّكُونِ وَٱلنَّفُسُوقَ وَٱلنَّفُسُوقَ وَٱلنَّفُسُوقَ وَٱلنَّفُسُوقَ وَٱلنَّفِصاليَانَ اَ أُوْلَئِكَ هُمُ ٱلرُّشِدُونَ ﴾ [الحجرات: ٧]

"কিন্তু আল্লাহ তোমাদের অন্তরে ঈমানের প্রতি মহব্বত সৃষ্টি করে দিয়েছেন এবং তা হৃদয়গ্রাহী করে দিয়েছেন। পক্ষান্তরে কুফর, পাপাচার ও নাফরমানীর প্রতি ঘৃণা সৃষ্টি করে দিয়েছেন। তারাই সৎপথ অবলম্বনকারী।" [সূরা আল-হুজুরাত, আয়াত: ৭]

যদি কোনো মুমিনের কাছে ঈমানের সাথে সাথে পাপাচারিতা থাকে, তাহলে আমরা মুমিন হওয়ার কারণে তাকে ভালোবাসব এবং পাপ কাজে লিপ্ত হওয়ার কারণে ঘৃণা করব। এ ধরণের সম্পর্ক রাখার ব্যাপারে দৃষ্টান্ত হলো, যেমন আমরা অরুচীকর ঔষধ গ্রহণ করি, অনিচ্ছা সত্ত্বেও তা পান করি। কারণ, তাতে আরোগ্যের আশা করা যায়।

কোনো কোন মানুষ পাপী মুমিনকে কাফির-মুশরেকের চেয়েও ঘৃণা করে। এটি খুবই আশ্চর্য্যের বিষয় এবং



বাস্তবতার বিপরীত। কাফির আল্লাহর শক্র, রাসূলের শক্র এবং সমস্ত মুমিনের শক্র। তাদেরকে অন্তর থেকে ঘৃণা করা ওয়াজিব।

﴿ لَأَيُّهَا ٱلَّذِينَ ءَامَنُواْ لَا تَتَّخِذُواْ عَدُوِّي وَعَدُوَّكُم ۚ أُوالِيَآءَ تُلاَقُونَ إِلَياهِم بِٱلاَّمَوَدَّةِ وَقَدا كَفَرُواْ بِمَا جَآءَكُم مِّنَ ٱللَّهِ رَبِّكُم اللهِ مَا كُنتُم ۚ خَرَجاتُم ۚ جَهِٰذًا فِي سَبِيلِي وَٱبلاَتِفَآءَ مُراحَتُ يَخْوَر الرَّسُولَ وَإِيَّاكُم اللهِ وَالْمَاتِفَاءَ مَراحَتُ اللهِ مَا أَخْلَفُوا أَلْ اللهِ مَلْ اللهِ مَلْ اللهِ مَلْ اللهِ مَلْكُم اللهُ مَراحَتُ اللهُ مَلَ اللهُ مَلَ اللهُ مَلَى اللهُ مَنكُم اللهُ مَنكُم اللهُ مَنكُم اللهُ مَنكُم اللهُ الله الله الله الله الله الله الممتحنة: ١]

"হে মুমিনগণ! তোমরা আমার ও তোমাদের শত্রুদেরকে বন্ধুরূপে গ্রহণ করো না। তোমরা তো তাদের প্রতি বন্ধুত্বের বার্তা পাঠাও, অথচ তোমাদের কাছে যে সত্য আগমণ করেছে, তারা তা অস্বীকার করছে। তারা রাসূলকে এবং তোমাদেরকে বহিস্কার করে, এ অপরাধে যে, তোমরা তোমাদের রবর প্রতি বিশ্বাস রাখ। যদি তোমরা আমার সম্ভুষ্টি লাভের জন্যে এবং আমার পথে জিহাদ করার জন্যে বের হয়ে থাক, তবে কেন তাদের প্রতি গোপনে বন্ধুত্বের পয়গাম প্রেরণ করছ? তোমরা যা গোপন কর এবং যা প্রকাশ কর, তা আমি খুব জানি। তোমাদের মধ্যে যে এটা করে, সে সরল পথ হতে বিচ্যুত হয়ে যায়।" [সূরা আল-মুমতাহানাহ, আয়াত: ১]

আল্লাহ বলেন,

﴿ يَٰأَيُّهَا ٱلَّذِينَ ءَامَنُواْ لَا تَتَّخِذُواْ ٱلآيَهُودَ وَٱلنَّصِلِّرَى ٓ أَوالِيَآءَ العائضُهُم اللَّهَ اللَّهَ بَعاض اللَّهَ مَنكُما اللَّهُ لَا يَهادي ٱلآقَوا مَ ٱلظُّلِمِينَ ٥٠ ﴾ [المائدة: ٥١]

"হে মুমিনগণ! তোমরা ইয়াহূদী ও নাসাদেরকে বন্ধু হিসেবে গ্রহণ করো না। তারা পরস্পরে বন্ধু। তোমাদের মধ্যে যে তাদের সাথে বন্ধুত্ব করবে, সে তাদেরই অন্তর্ভুক্ত হবে। আল্লাহ যালেমদেরকে পথ প্রদর্শন করেন না।" [সূরা আল-মায়েদা, আয়াত: ৫১]

আল্লাহ বলেন,

"ইয়াহূদী ও খৃষ্টানরা কখনই আপনার ওপর সম্ভষ্ট হবে না, যে পর্যন্ত আপনি তাদের ধর্মের অনুসরণ না করবেন।" [সূরা আল-বাকারা, আয়াত: ১২০]

আল্লাহ আরো বলেন.

"আহলে কিতাবদের অনেকেই প্রতিহিংসা বশতঃ কামনা করে যে, মুসলিম হওয়ার পর তোমাদেরকে কাফির বানিয়ে দেয়।" [সূরা আল-বাকারা, আয়াত: ১০৯]

এমনিভাবে প্রতিটি নিষিদ্ধ কাজ হতে বিরত থাকা আবশ্যক। আমাদের জন্যে হারাম কাজের প্রতি ভালোবাসা রাখা বৈধ নয়। আমরা পাপী মুমিনের পাপকাজকে ঘৃণা করি এবং তা থেকে আমরা নিজেদেরকে দূরে রাখি; কিন্তু আমরা তাকে ঈমানের কারণে ভালোবাসি।



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন